# নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ

রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৯২) কুরআনে কি আল্লাহ্ তাআ'লা সকল রাসূলের ঘটনা বর্ণনা করেছেন?

উত্তরঃ আল্লাহ তা'আলা কুরআনে আমাদের জন্য অনেক নবী-রাসূলের ঘটনা বর্ণনা করেছেন। আমাদের উপদেশ ও শিক্ষা গ্রহণের জন্য এ সমস্ত ঘটনাই যথেষ্ট। তারপরও আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

وَرُسُلاً قَدْ قَصَصْنَاهُمْ عَلَيْكَ مِنْ قَبْلُ وَرُسُلاً لَمْ نَقْصُصْهُمْ عَلَيْكَ

‘‘আর নিশ্চয়ই আমি তোমার নিকট ইতিপূর্বে বহু রাসূলের ঘটনা বর্ণনা করেছি এবং আরো অনেক রাসূল রয়েছে, যাদের অবস্থা আপনার নিকট বর্ণনা করিনি’’। (সূরা নিসাঃ ১৬৪) সুতরাং যাদের বিবরণ বিস্তারিতভাবে এসেছে, তাদের সকলের প্রতি বিস্তারিতভাবেই বিশ্বাস করি। আর যাদের আলোচনা সংক্ষেপে এসেছে, তাদের প্রতি সেভাবেই বিশ্বাস করি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11906

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন